তারিখ 22 JAN 2016
পৃষ্ঠা 2 কলাম 2

সংবাদ

# ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে শীতকালীন নবীনবরণ

ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির গ্রীন রোড ক্যাম্পাসে ড. এম আই পাটোয়ারী অডিটোরিয়ামে "শীতকালীন নবীনবরণ-২০১৬" অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বিকালে নবীনবরণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অত্র ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. কে এম মহসীন। ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ডাঃ মুহাম্মদ শহীদুল কাদির পাটোয়ারীর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন বোর্ড অব ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান ব্যারিস্টার শামীম হায়দার পাটোয়ারী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মইনুল ইসলাম, ব্যবসায় অনুষদের ডীন অধ্যাপক ড. আব্দুল কুদ্দুস, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক ড. শওকত আরা হোসেন, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডীন অধ্যাপক ড. এটিএম মাহবুবুর রহমান, রিসার্চ ও পাবলিকেশন সেলের পরিচালক অধ্যাপক ড. সানা উল্লাহ, বিবিএ অনুষদের চেয়ারম্যান অধ্যাপক ড. মিজানুর রহমান, ইইটিই বিভাগের চেয়ারম্যান ড. মো. আব্দুল বাসেদ, আইন অনুষদের চেয়ারম্যান মিলি সুলতানা, ইংরেজী বিভাগের চেয়ারম্যান মিলি রহমান, ফার্মেসী বিভাগের চেয়ারম্যান মো আকবর আলী ও রেজিস্ট্রার অধ্যাপক মো. রফিকুল ইসলাম বক্তব্য রাখেন। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সকল বিভাগের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ। অনুষ্ঠানটি সঞ্চালনের দায়িত্বে ছিলেন অতিরিক্ত রেজিস্ট্রার ড. শাহআলম চৌধুরী। শেষে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ফারকি হোসেন